গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
দিঘলিয়া, খুলনা।
www.fisheries.digholia.khulna.gov.bd

পত্র নং-৩৩.০২.৪৭৪০.৫০১.২৭.০০১.২১.২২৬ তারিখ- ১৪ ভাদ্র ১৪২৯ বঙ্গা. / ২৯ আগস্ট ২০২২ খ্রি.

**১০-১৫ সে.মি. আকারের রুই, কাতল ও মৃগেল মাছের জীবন্ত পোনা সরবারহের কোটেশন আহ্বানপত্র।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব অর্থায়নে দিঘলিয়া উপজেলায় অভ্যন্তরীণ জলাভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটির অদ্য ২৯/০৮/২০২২ খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকৃত পোনামাছ চাষি/পোনা ব্যবসায়ী/পোনা সরবারহকারীগণের নিকট হতে =৯০,০০০/-(নব্বই হাজার) টাকার পোনামাছ ক্রয়ের জন্য কোটেশন আহ্বান করা যাচ্ছে।

১। পোনা মাছ ক্রয়ের টাকার পরিমানঃ ৯০,০০০/-(নব্বই হাজার) টাকা মাত্র।

২। পোনা অবমুক্ত/সরবরাহের স্থানঃ উপজেলা পরিষদ চত্তর এবং ভাসার বিল ও কমিটি কর্তৃক নির্ধারিত অন্যান্য স্পট (কার্যাদেশে অবহিত করা হবে।

৩। পোনার বিবরণ ও কোটেশনে উল্লেখ্য বিষয়ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | | | কেজি প্রতি দর | কেজি প্রতি গড় দর |
|---|---|---|---|---|---|
| | প্রজাতি | আকার সেঃমিঃ | সরবরাহের শতকরা হার | | |
| ১। | রুই | ১০-১৫ | ৪০% | | |
| ২। | কাতলা | ১০-১৫ | ৩০% | | |
| ৩। | মৃগেল | ১০-১৫ | ৩০% | | |

প্রতি কেজি পোনার গড় দর কথায়= (..........................................................)

৪। কোটেশন দাখিলের সর্বশেষ তারিখ ও সময়ঃ ০৫/৯/২০২২ খ্রি. বেলা ১০:৩০ ঘটিকা পর্যন্ত সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা এর নিকট নিজেস্ব প্যাডে ,সীল মোহর কৃত বন্ধ খামে কোটেশন দাখিল করতে হবে।

৫। কোটেশন খোলার সময় ও স্থানঃ ০৫/৯/২০২২খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা এর অফিসকক্ষে প্রাপ্ত দরপত্র সমুহ কোটেশন দাখিলকারীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) সংশ্লিষ্ট কমিটি কতৃক খোলা ও যাচাই বাছাই করে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

দাখিলকৃত কোটেশন কোন কারন দর্শানো ব্যতিরেকে আংশিক/সম্পূর্ন বাতিলের ক্ষমতা ক্রয় কমিটি সংরক্ষন করেন । দরপত্র জমা দেওয়ার প্রয়োজনীয় শর্তাবলী (সংযুক্ত) দরদাতাগণের নিকট গ্রহণযোগ্য প্রতীয়মান হলে ব্যক্তিগত/প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে উপরে উল্লিখিত ছক মোতাবেক দর দাখিল করার জন্য প্রকৃত পোনামাছ চাষি/পোনা ব্যবসায়ী/পোনা সরবারহকারীগণকে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তিঃ কোটেশনের শর্তাবলী (০১ পৃষ্ঠা)

(মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
দিঘলিয়া, খুলনা।

পত্র নং-৩৩.০২.৪৭৪০.৫০১.২৭.০০১.২১.২২৬/১(৮) তারিখ- ১৪ ভাদ্র ১৪২৯ বঙ্গা. / ২৯ আগস্ট ২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননিয় সাংসদ, ১০২ খুলনা-০৪
২. উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা মৎস্য কর্মকর্তা , খুলনা।
৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।- আপনার দপ্তরের নোটিস বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ।
৫. উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।- আপনার দপ্তরের নোটিস বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ।
৬. উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা।- আপনার দপ্তরের নোটিসবোর্ডে প্রদর্শনের অনুরোধ করা যাচ্ছে।
৭. উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা।- আপনার দপ্তরের নোটিসবোর্ডে প্রদর্শনের অনুরোধ করা যাচ্ছে।
৮. অফিস কপি।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,
দিঘলিয়া, খুলনা।

## ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব অর্থায়নে খুলনা জেলার দিঘলিয়া উপজেলায় ১০-১৫ সে.মি. আকারের রুই, কাতল ও মৃগেল মাছের জীবন্ত পোনা সরবারহের কোটেশন আহ্বানপত্রের প্রেক্ষিতে দর দাখিলের শর্তাবলীঃ

১। শুধুমাত্র প্রকৃত পোনা উৎপাদনকারী/পোনা ব্যসসায়ী ও পোনা সরবরাহকারীর নিজস্ব প্যাডে দরহার দাখিল করতে পারবেন।

২। কোটেশন বিজ্ঞপ্তি ও শর্তাবলী ২৯/৮/২০২২খ্রি. হতে ০৫/৯/২০২২খ্রি. বেলা ৯:০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সংগ্রহ করা যাবে এবং ০৫/৯/২০২২খ্রি. তারিখ বেলা ১০:৩০ ঘটিকা পর্যন্ত সীলগালাকৃত বদ্ধ খামে একই স্থানে জমা দেওয়া যাবে।

৩। নিম্নবর্নিত প্রজাতি ভিত্তিক হারে জীবন্ত মাছের পোনা সরবরাহ করতে হবে।

| ক্রমিক নং | পোনার প্রজাতি | আনুপাতিক হার | আকার |
|---|---|---|---|
| ০১ | রুই | ৪০% | ১০-১৫ সে:মি: |
| ০২ | কাতলা | ৩০% | ১০-১৫ সে:মি: |
| ০৩ | মৃগেল | ৩০% | ১০-১৫ সে:মি: |

৪। দর হার প্রজাতি ভেদে আলাদা ভাবে (কেজি প্রতি) এবং গড়ে প্রতি কেজি পোনার দর উল্লেখ করতে হবে।

৫। কাটাকাটি ঘষামাজা অথবা স্বাক্ষর বিহীন দরপত্র গ্রহন যোগ্য হবে না।

৬। বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ সর্বনিম্ন দরদাতাকে পোনামাছ সরবারহের কার্যাদেশ প্রদান করা হবে।

৭। ইতোপূর্বে মাছের পোনা সরবরাহ কাজে অভিজ্ঞ দরদাতাকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৮। কোটেশন যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে পোনামাছ ক্রয় কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। পোনা মাছের বর্তমান বাজার দরের সাথে অসামঞ্জস্যপূর্ণ অস্বাভাবিক নিম্ন দর সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং এরূপ দর দাখিলকারী বিরুদ্ধে পিপিআর-২০০৮ এর বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

৯। একাধিক সর্বনিম্ন দরদাতার ক্ষেত্রে লটারীর মাধ্যমে দরপত্র নির্বাচন করা হবে।

১০। নির্বাচিত জলাশয়ের স্থান পরিদর্শন পুর্বক কোটেশন দাখিল করতে হবে। দরদাতা নিজ ব্যয়ে পোনা পরিবহন করে নির্বাচিত জলাশয়ে পোনা সরবরাহ ও মজুদের সকল ব্যবস্থা নিশ্চিত করবেন। পোনা সরবরাহের স্থানে হাপা স্থাপন সহ পরিবহন ও মজুদকরন সংক্রান্ত কোন ব্যয় আলাদা ভাবে প্রদান করা হবে না।

১১। দরপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে-

ক) ২০২২-২৩ অর্থবছরের হালনাগাদকৃত ট্রেড-লাইসেন্স।

খ) পোনা সরবরাহ কাজে অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

১২। ০৫/৯/২০২২খ্রি. তারিখে বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা এর অফিসকক্ষে প্রাপ্ত দরপত্র সমুহ কোটেশন দাখিলকারীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) সংশ্লিষ্ট কমিটি কতৃক খোলা ও যাচাই বাছাই করে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

১৩। আগামী ০৮ সেপ্টেম্বর, ২০২২খ্রি. তারিখে কার্যাদেশে বর্ণিত সকল মাছ নির্ধারিত স্থানে সরবরাহ করতে হবে। নির্ধারিত দিনে সকাল ০৯:৪০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত কমিটির সদস্যদের উপস্থিতিতে পোনা মাছ গ্রহন করা হবে। এই কোটেশনের মাধ্যমে ক্রয়কৃত সমূদয় মাছের পোনা একদিনে সরবারহ করতে হবে এবং কোনক্রমেই একাধিক দিনে পোনা সরবারহ করা যাবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল করা হবে।

১৪। প্রজাতি ভিত্তিক আলাদা আলাদা ভাবে পোনা মাছ সরবারহ করতে হবে। কোনক্রমেই এক প্রজাতির সাথে অন্য প্রজাতি মেশানো যাবে না এবং নির্ধারিত প্রজাতির বাইরে কোনও মাছ সরবরাহ করলে তা গ্রহণ যোগ্য হবে না।

১৫। অসুস্থ/দুর্বল/মৃত অথবা নির্ধারিত আকারের চেয়ে বড় কিংবা ছোট কোন প্রকার পোনা গ্রহন করা হবে না।

১৬। জীবিত চারা পোনা স্কেলে/কাটা ও প্লাস্টিকের ছিদ্রযুক্ত বাস্কেটে বা কর্তৃপক্ষ যে ভাবে ওজন বুঝিয়া নেয় সেই ভাবে ওজন বুঝিয়া দিতে হবে।

১৭। সম্পূর্ণ পোনা মাছ সরবরাহ শেষে বিল/মূল্য পরিশোধ করা হইবে । আংশিক পোনা মাছ সরবরাহ শেষে বিল/ মূল্যপরিশোধ করা হবে না। সরকারী বিধি মোতাবেক পোনার বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৮। সরবরাহ কারী নিজ উদ্যোগে গ্রহনকমিটির সদস্যের দ্বারা পোনা সরবরাহ পত্রে স্বাক্ষর করাবেন এবং স্বাক্ষরিত সরবারহপত্র সহ বিধি মোতাবেক দুই প্রস্থ বিল দাখিল করবেন।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন একটি বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

২৯/০৮/২০২২

(মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
দিঘলিয়া, খুলনা।